গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠেয় সেপ্টেম্বর, ২০২৩-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ১১.১৫ মিনিট |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভা আরম্ভ হওয়ার প্রাক্কালে তিনি বলেন, সচিব মহোদয় রাজশাহী কারা প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন কাজে রাজশাহীতে অবস্থান করায় সচিব মহোদয়ের পক্ষে এসভার সভাপতির দায়িত্ব পালন করছেন। এরপর সভায় সুরক্ষা সেবা বিভাগে নবযোগদানকারী কর্মকর্তা জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব-কে তার পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি সভায় নিজ পরিচয় প্রদান করেন এবং এ বিভাগে দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি তাকে এ বিভাগে স্বাগত জানান এবং অর্পিত দায়িত্ব নিষ্টার সাথে পালন করার জন্য অনুরোধ করেন। অতঃপর তিনি কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন-৩) কার্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তদপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য সূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ</td><td>২০ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। সভাকে জানানো হয়, লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনী পাওয়া যায়নি।</td><td>২০ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।</td></tr>
<tr><td>২</td><td>কোভিড-১৯ পরিস্থিতি</td><td>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারী</th><th>চিকিৎসাধীন</th><th>সুস্থ কর্মকর্তা/ কর্মচারী</th><th>মৃত কর্মকর্তা/ কর্মচারী</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৪২</td><td>০</td><td>৪২</td><td>০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৫০০</td><td>০</td><td>৪৯৭</td><td>৩</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৭৬২</td><td>০</td><td>৭৫৯</td><td>৩</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১৫১</td><td>০</td><td>১৫১</td><td>০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>২৩৬</td><td>০</td><td>২৩৮</td><td>২</td></tr>
<tr><td>মোট</td><td>১৬৯১</td><td>০</td><td>১৬৮৩</td><td>৮</td></tr>
</table>
সভায় কোভিড-১৯ ও ডেঙ্গু রোগ বিস্তার রোধে বিস্তারিত আলোচনা হয়েছে। এডিস মশার লার্বা যেন জন্মাতে পারে, সেজন্য এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের বারান্দা কিংবা অফিস কক্ষে সংরক্ষিত টব, বাথরুমসহ আশে-পাশের জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্বারোপ করা হয়।</td><td>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী কোভিড-১৯ ও ডেঙ্গু রোগ প্রতিরোধে যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করে তা নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>৩</td><td>শূন্য পদ পূরণ</td><td>উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ:<br>কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৭৭</td><td>২০৫</td><td>৭২</td><td>--</td></tr>
</table></td><td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ৩০৫৯ | ১৮৮৪ | ১১৭৬ | -- |
| ৩ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ১৪,৪৬৮ | ১৩৩১২ | ১১৫৬ | -- |
| ৪ | **কারা অধিদপ্তর** | ১২১৭৮ | ১০৮৮৭ | ১২৯১ | -- |
| ৫ | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর** | ১৫৩০ | ১১৯৪ | ৩০৭ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত। |
| | **মোট=** | **৩১৫১২** | **২৭৪৮২** | **৪০০২** | |

**শূন্য পদের বিন্যাস:**

| **মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা)** | **১ম-৯ম গ্রেড** | **১০ গ্রেড** | **১১-১৬ গ্রেড** | **১৭-২০ গ্রেড** | **মোট** |
|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৪ | ৬ | ২৪ | ১৮ | ৭২ |
| বহিরামগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৭২ | ১৪০ | ৬০ | ৩৫ | ৩০৭ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৯৮ | ১৪২ | ৭৪২ | ৯৪ | ১১৭৬ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯ | ৪৯ | ৫৭৭ | ৫২১ | ১১৫৬ |
| কারা অধিদপ্তর | ৪৪ | ১১৭ | ৯৮১ | ১৪৯ | ১২৯১ |
| **মোট=** | **৩৪৭** | **৪৫৪** | **২৩৮৪** | **৮১৭** | **৪০০২** |

**ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

**১ম-৯ম গ্রেড :** ৯ম গ্রেডের ১০ ক্যাটাগরির ৭৪টি শূন্যপদে ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সরাসরি নিয়োগযোগ্য কোটায় নিয়োগের নিমিত্ত (১৮টি সহকারী পরিচালক এর পদ, ১৬টি মেডিকেল অফিসার এর পদ, ১টি সহকারী রেজিষ্টার এর পদ, ৩টি ইমারজেন্সী মেডিকেল অফিসার এর পদ, ৯টি রিহেবিলিটেশন অফিসার এর পদ, ৮টি সহকারী রাসায়নিক পরীক্ষক এর পদ, ৮টি সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার এর পদ, ৮টি ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট এর পদ, ২টি হিসাবরক্ষক এর পদ এবং ১টি আইন কর্মকর্তা এর পদ) সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসি'তে ২১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক ৯ জুন, ২০২৩ তারিখে ১৮টি সহকারী পরিচালক এর পদ, ১৬টি, ৯টি রিহেবিলিটেশন অফিসার এর পদ, ৮টি সহকারী রাসায়নিক পরীক্ষক এর পদ, ৮টি সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার এর পদ, ৮টি ক্লিনিক্যাল সাইকোলজিস্ট এর পদ, ২টি হিসাবরক্ষণ কর্মকর্তা এর পদে ৪০তম বিসিএস এর নন ক্যাডার হতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

**১০ম গ্রেড :** ১০ম গ্রেডের ৪ ক্যাটাগরির ৭৫টি শূন্যপদে ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সরাসরি নিয়োগযোগ্য কোটায় নিয়োগের নিমিত্ত [(১. প্রসিকিউটর ২. পরিদর্শক ৩. কাউন্সেলর এবং ৪. মেট্রোন (জুনিয়র)] বাংলাদেশ কর্মকমিশন প্রেরণ করা হয়েছে। ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার পদে নিয়োগ প্রদান সংক্রান্ত নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০ এবং সংশোধিত বিধিমালা, ২০১৪ অনুযায়ী নিয়োগের লক্ষ্যে প্রসিকিউটর এর ২৫টি কাউন্সেলর এর ১৫টি এবং মেট্রোন (জুনিয়র)] এর ১টি মোট ৩ ক্যাটাগরির ৪১টি পদে নিয়োগের লক্ষ্যে গত ১৯ জুন ২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

**১১ম-১৭তম গ্রেড :** সিপাই এর ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। পদোন্নতির কোটায় ৬১টি শূন্যপদে পদোন্নতির জন্য অনেকের ফিডার পদ পূর্ণ হয়নি। যাদের ফিডার পদ পূরণ হয়েছে তাদের পদোন্নতির উদ্যোগ নেয়া হচ্ছে।

**১৮ম-২০তম গ্রেড :** পদোন্নতি যোগ্য ১২টি পদে (ডেসপাস রাইডার ও ক্যাশ সরকার) পদোন্নতির কোন ফিডার পদধারী নেই।

করতে হবে;

২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি'র মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;

৩)বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের অধিযাচনের তালিকার ভিত্তিতে দ্রুত নিয়োগদানের বিষয়ে বিপিএসসি'র চেয়ারম্যানের সাথে আলোচনার সুবিধার্থে আওতাধীন দপ্তর হতে প্রেরিত পদের অধিযাচনের তালিকা সচিবের নিকট দাখিল করতে হবে;

৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ক্লিনার পদে আউটসোর্সিং এর পরিবর্তে পদ সৃজনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৫) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের যেসকল পদ শূন্য রয়েছে তা দ্রুত পূরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-১)।**

**খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

**২য়-৯ম গ্রেড :** শূন্যপদ ৭২টি। বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে ৩৯টি পদের। নিয়োগ বিধির কারণে পূরণ করা যাচ্ছে না ১৫টি পদ এবং যোগ্যতা অর্জিত হওয়ায় প্রস্তাব প্রেরণ করা যায়নি ১৩টি পদের। সিস্টেম এনালিস্ট এর ১টি এবং সহকারী পরিচালক এর ৩২টি শূন্যপদে নিয়োগের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৪টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-১টিসহ সর্বমোট ৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসিতে পত্র প্রেরণ করা হয়েছে।

**১০ম গ্রেড** : শূন্যপদ ১৪০টি। নিয়োগ বিধির কারণে পূরণ করা যাচ্ছে না ৮১টি । যোগ্যতা অর্জন না হওয়ায় প্রস্তাব প্রেরণ করা যাচ্ছে না ৫১টি এবং পদোন্নতির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে ৪টি এবং সংরক্ষিত পদ ১টি।

**১১তম-১৭তম গ্রেড :** শূন্যপদ ৬০টি। নিয়োগ বিধির কারণে পূরণ করা যাচ্ছে না ৪০টি এবং সংরক্ষিত পদ ৩টি।

**গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**

**১০ম গ্রেড ও তদুর্ধ্ব :** পিএসসি'তে ২৪১টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

**২০তম গ্রেড ও তদূর্ধ্ব :** ১১-২০ গ্রেডের সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর-২টি, ওয়ারলেস মেকানিক-৪টি, অফিস সহকারী-১টি, স্টোর সহকারী-২টি, ইলেকট্রিশিয়ান-১টি ও অফিস সহায়ক-৩টি মোট ১৩টি পদের মৌখিক পরীক্ষার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এবং ড্রাইভার-৩৮টি ও ফায়ারফাইটার-১১১টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যার লিখিত পরীক্ষা ০২.০৯.২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

- পিএসসি এর মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ পূরণের বিষয়ে পিএসসি এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে।

**ঘ) কারা অধিদপ্তর :**

**২য়-৯ম গ্রেড :** শূন্যপদ ৪৪টি। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য ১৭টি এবং সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য ২২ টি। এছাড়া চিকিৎসকের ৪টি পদ প্রেষণে পদায়নযোগ্য এবং ১টি পদের বেতনস্কেল এখনো নির্ধারণ করা হয়নি।

**১০ম গ্রেড :** শূন্যপদ ১১৭টি। সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য ১১৭টি।

**১১-১৬ গ্রেড :** শূন্যপদ ৯৮১টি। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য ১৩৯টি এবং সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য ৬৫৭টি। এছাড়া ১৮৫টি পদের বেতনস্কেল/নিয়োগবিধি নেই।

**১৭-২০ গ্রেড :** শূন্য পদ ১৪৯টি। পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদ নেই এবং সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ যোগ্য ১৪৯টি।

| | | | |
|---|---|---|---|
| ৪ | **জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন** | উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৩ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে। স্বল্প মেয়াদী ১টি, মধ্য মেয়াদী ৭টি, দীর্ঘ মেয়াদী ৩টি এর মধ্যে ১টি বহিরাগমন অনুবিভাগ, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট।<br><br>জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ এ বিভাগ সংশ্লিষ্ট ৮টি সিদ্ধান্ত রয়েছে। স্বল্প মেয়াদী ১টি (বাস্তবায়িত), মধ্য মেয়াদী ৩টি (বাস্তবায়িত ২টি), দীর্ঘ মেয়াদী ৪টি এর মধ্যে ১টি বহিরাগমন অনুবিভাগ, ১টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪টি কারা অধিদপ্তর এবং ২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট।<br><br>সভায় জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমুহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। | ১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২৩ এবং জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২)সোনাহাট স্থলবন্দর ও মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোষ্ট চালুকরণের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সমন্বয়ে জরুরি একটি আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে।<br><br>৩)খাগড়াছড়ি জেলা কারাগার নতুনভাবে নির্মাণের জন্য পরিকল্পনা-১ শাখা অধিদপ্তরের সাথে একটি সভা করবেন।<br><br>৪)জেলা প্রশাসক-২০২৩ এবং ২০২২ এর যেসকল সিদ্ধান্তসমূহ এখনো বাস্তবায়িত হয়নি সেগুলোর বিষয়ে আলাদা একটি সভা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী: অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

<table>
<tr>
<td>৫</td>
<td>ই-টেন্ডারিং</td>
<td>ডিআইপি : ২০২৩-২০২৪ অর্থবছরে আগস্ট ২০২৩ এ ই-জিপিতে ৪টি পণ্যের টেন্ডার আহবান করা হয়েছে।<br><br>ডিএনসি : আগস্ট, ২০২৩ এ কোন টেন্ডার আহ্বান করা হয়নি। উল্লেখ্য যে, বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন করা হচ্ছে।<br><br>এফএসসিডি : ২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দ পাওয়া গিয়েছে। এ লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক উন্মুক্ত টেন্ডার ও ই-জিপি টেন্ডার আহব্বান করার লক্ষ্যে চাহিদা ও প্রাক্কলিত দর নির্ধারণ প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>প্রিজন : ২০২৩-২০২৪ অর্থবছরে কারা অধিদপ্তর কর্তৃক পণ্য /সেবা কেন্দ্রীয়ভাবে ক্রয়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । এ লক্ষ্যে কারা অধিদপ্তর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা বরাবরে ০৯.০৭.২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে এবং কারা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কারা অধিদপ্তর কর্তৃক (কেন্দ্রীয়ভাবে) আগস্ট, ২০২৩ পর্যন্ত ১৭টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে আগস্ট ২০২৩ এ আহ্বানকৃত ৪টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজ লাইভে আছে।</td>
<td>১) বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল প্রকার ক্রয় কার্যক্রম এপিএ-তে বর্ণিত সূচক অনুযায়ী সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণে ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</td>
<td>এপিএ নির্দেশিকা অনুসারে সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম পুনর্গঠন করা হয়েছে। চলতি অর্থবছরের এপিএ চুক্তি ১৯ জুলাই ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এপিএ চুক্তি স্বাক্ষর হয়েছে।<br><br>দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা ও অগ্রগতি
<table>
<tr><th>ক্রম</th><th>কৌশলগত উদ্দেশ্য</th><th>কার্যক্রম</th><th>লক্ষ্যমাত্রা ২০২৩-২৪</th><th>অর্জন ২০২৩-২৪</th></tr>
<tr><td rowspan="6">১</td><td rowspan="6">প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি</td><td>[১.১]বিভাগীয় ও আঞ্চলিক পাসপোর্ট অফিস পরিদর্শন এবং এপিএ কার্যক্রম মূল্যায়ন</td><td>৩০টি</td><td>-</td></tr>
<tr><td>[১.২] পার্সোনালাইজেশন কমপ্লেক্স ২ এর ডিপিপি চূড়ান্তকরণ</td><td>৩১-১২-২৩</td><td>-</td></tr>
<tr><td>[১.৩]১৬টি (সংশোধিত ১৭টি) আঞ্চলিক পাসপোর্ট অফিসের ভবন নির্মাণ প্রকল্পের আওতায় ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ</td><td>১০০%</td><td>৯০%</td></tr>
<tr><td>[১.৪]ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের নিমিত্ত ভূমি অধিগ্রহণের লক্ষ্যে মূল্য পরিশোধ</td><td>৩০-০৯-২৩</td><td>পরিবর্তন হবে</td></tr>
<tr><td>[১.৫] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ</td><td>২২ জন</td><td>-</td></tr>
<tr><td>[১.৬] মাঠ পর্যায়ের অফিসসমূহের অভ্যন্তরীণ নিরীক্ষণ</td><td>৮টি</td><td>-</td></tr>
</table></td>
<td>১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক- ক. বস্তি/বহুতল ভবন/শপিংমল/ হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা;<br><br>খ. দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভার আয়োজন;<br><br>গ. সরকারি/ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান;<br><br>ঘ.এ্যানফোর্সমেন্ট কমিটির সভার আয়োজন;<br><br>ঙ. মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভার আয়োজন;<br><br>চ. বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ-এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | [১.৭] ১০৩টি শূন্যপদে চূড়ান্ত নিয়োগপত্র প্রদান | ৩১-০৭-২৩ | অর্জিত |
| | | [১.৮] বিদেশী নাগরিকদের মানসম্মত ভিসা সেবা প্রদান এবং ভিসা ও ইমিগ্রেশন কার্যক্রম সুষ্ঠু সমন্বয়ের জন্য স্বতন্ত্র কার্যালয় স্থাপনের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ | ৩০-০৯-২৩ | - |
| | | [১.৯]ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সংরক্ষণাগারের স্থান নির্বাচন ও ভাড়ার চুক্তি স্বাক্ষর সম্পন্নকরণ | ৩১-১২-২৩ | - |
| ২ | পাসপোর্ট ও অন্যান্য ট্রাভেল পারমিট ইস্যু ও বিতরণ প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ | [২.১] ই-পাসপোর্ট কাভারেজ বৃদ্ধি/বিতরণ | ২০০০০০০ টি | - |
| | | [২.২] বিদেশস্থ মিশনসমূহে ই-পাসপোর্ট কার্যক্রম চালুকরণ (ক্রমপুঞ্জিত) | ৩৬টি | ৩৩টি |
| ৩ | নির্ধারিত সময়ে পাসপোর্ট ও ভিসা সেবা প্রদান | [৩.১] নির্ধারিত সময়ে প্রিন্টযোগ্য ই-পাসপোর্ট পার্সোনালাইজেশন (মুদ্রণ) নিশ্চিতকরণ | ৯০% | - |
| | | [৩.২] নির্ধারিত সময়ে প্রিন্টযোগ্য মেশিন রিডেবল পাসপোর্ট পার্সোনালাইজেশন (মুদ্রণ) নিশ্চিতকরণ | ৯০% | - |
| | | [৩.৩]নির্ধারিত সময়ে নিষ্পত্তিযোগ্য ভিসা আবেদন নিষ্পত্তিকরণ | ৯২% | - |
| ৪ | ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ | [৪.১] স্বয়ংক্রিয় পাসপোর্ট রিডার স্থাপন | ১৫টি | - |
| | | [৪.২] ন্যূনতম ২টি মিশনে ই-টিপি পরীক্ষামূলকভাবে চালুকরণ | ৩১-১২-২৩ | - |
| | | [৪.৩] জি টু জি কমিটি কর্তৃক ২ (দুই)টি দেশ পরিদর্শন এবং ই ভিসা বাস্তবায়নের নিমিত্ত প্রতিবেদন দাখিল | ২৮-০২-২৪ | - |

অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।

৩) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের সমস্যা পরিক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৪) প্রমাণক সহ এপিএ এর তথ্য দিতে হবে। শতভাগ নিশ্চিত হয়ে প্রতিবেদন দিতে হবে। এপিএ এর বিষয়ে মাঠ পর্যায়ে ভিডিও কনফান্সের আয়োজন করতে হবে।

**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মোট সূচক:২৭টি)

| ক্রম | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | অর্জন ২০২৩-২৪ |
|---|---|---|---|---|
| ১ | মাদকাসক্তি হ্রাস ও মাদকবিরোধী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ | [১.১] সরকারি ও নিবন্ধিত বেসরকারি নিরাময় কেন্দ্রে সেবা প্রদানকারী এবং অন্যান্য স্টেক হোল্ডারদের ইকো ট্রেনিং/প্রশিক্ষণ প্রদান ও লার্নিং সেশন | ১৫০ জন | - |
| | | [১.২] অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ ও সংশ্লিষ্ট বিধিমালা/নীতিমালার বিষয়ে লার্নিং সেশন | ৫ ব্যাচ | - |
| | | [১.৩] সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদান | ৩১-০৩-২৪ | - |
| | | [১.৪] বিলাতীমদের আমদানী/রপ্তানী লাইসেন্স প্রক্রিয়া অনলাইনকরণ | ২৫-০৪-২৪ | - |
| | | [১.৫] ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডের শূন্য পদে নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণ | ১৫-০৫-২৪ | ২২-০৭-২৩ |
| | | [১.৬] বিভাগীয় ও জেলাকার্যালয়সমূহের এপিএ বাস্তবায়ন মনিটরিং/পরিদর্শন | ১২৫টি | - |
| | | [১.৭] মাদক বিষয়ে ১টি গবেষণা কার্যক্রম পরিচালনা | ০৬-০৬-২৪ | - |
| | | [১.৮] ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | ১০% | ৩% |
| ২ | গণসচেতনতার মাধ্যমে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকরণ | [২.১] সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | ২০০টি | ৩০টি |
| | | [২.২] শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টর তৈরী | ১৩০০জন | ১২৭জন |
| | | [২.৩] শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী আলোচনা সভা | ২২০টি | ১৫০টি |
| | | [২.৪] শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী শ্রেণি বক্তৃতা | ৩৩০টি | ১৮৪টি |
| | | [২.৫] ধর্মীয় প্রতিষ্ঠান, ক্লাব, এনজিও ও সামাজিক সংগঠনের মাধ্যমে মাদকবিরোধী আলোচনা সভা ও শর্ট ফিল্ম প্রদর্শন | ৫৫০টি | ১৬১টি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | [২.৬] সোশ্যাল মিডিয়ার (ফেসবুক ও ইউটিউব) মাধ্যমে মাদকের কুফল সম্বলিত তথ্যের ফিচার এবং টিভিসি প্রচার | ১২৫টি | ১৪টি |
| | | [২.৭] ইলেকট্রনিক মিডিয়ায় মাদকবিরোধী বিজ্ঞাপন, টিভিসি/ টকশো/ টিভি স্ক্রল প্রচার | ৬০টি | ২৪টি |
| | | [২.৮] কারাগারসমূহে কারাবন্দিদের মাঝে মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রম | ২০৪টি | ১১টি |
| | | [২.৯] শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে মাদক বিরোধী স্লোগান সম্বলিত কলম, খাতা, স্কেল ও জ্যামিতি বক্স বিতরণ | ৭০০০০টি | ৩৩৫৭৬টি |
| | | [২.১০] মাদকবিরোধী স্লোগান সম্বলিত টি-শার্ট, ক্যাপ, টিস্যু বক্স, ব্যাগ, মগ ও ছাতা বিতরণ | ২৫০০০টি | ২৮৯১৪টি |
| | | [২.১১] মাদকের ক্ষতিকর দিক সংবলিত লিফলেট, ডায়েরি, ক্যালেন্ডার, পোস্টার, এক্রিলিক পিপিসি বোর্ড, স্টীকার, ফোল্ডার, ক্রিয়া সামগ্রী ইত্যাদি মুদ্রণ ও বিতরণ | ৭০০০০টি | ৮৫৯০৫টি |
| ৩ | মাদক সরবরাহ হ্রাস | [৩.১] মাদকবিরোধী অভিযান ও টহল পরিচালনা | ৮০০০০টি | ১৬৭৯১টি |
| | | [৩.২] মাদক অপরাধ বিষয়ে আন্ত:সংস্থা সমন্বয়সভা | ৪টি | ১টি |
| | | [৩.৩] সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপন | ৮১৬টি | ৪৪৮টি |
| | | [৩.৪] কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন | ২৫৬টি | ১২টি |
| | | [৩.৫] অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদপূর্বক আহবানকৃত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | ৪টি | ১টি |
| ৪ | মাদকের ক্ষতি হ্রাস ও মাদকাসক্ত ব্যক্তির চিকিৎসা | [৪.১] সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান | ২৮৫০০জন | ৬৭২৩টি |
| | | [৪.২] সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিকে কাউন্সিলিং সেবা প্রদান | ৯০০০জন | ৩৫৯৮টি |
| | | [৪.৩] সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন | ৯৮% | ২০.৮২% |

## কারা অধিদপ্তর (মোট সূচক:২২টি)

| ক্রম | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | অর্জন ২০২৩-২৪ |
|---|---|---|---|---|
| ১ | কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ; | [১.১] আবাসন সমস্যা দূরীকরণের লক্ষ্যে ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | ৪২৮৫০ জন | ৪২৮৬৬ |
| | | [১.২] খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌতকাজ বাস্তবায়ন | ৯৫% | ৮৮% |
| | | [১.৩] নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌতকাজ বাস্তবায়ন | ৭৫% | ৬৩% |
| | | [১.৪] জামালপুর জেলা কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ১০% | ১০.৫০% |
| | | [১.৫] কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ৪০% | ৩০% |
| | | [১.৬] ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও অধুনিকীকরণ প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ৫৫% | ৪৫% |
| | | [১.৭] পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ৩০% | ২৭.৮০% |
| | | [১.৮] কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী নির্মাণ প্রকল্পের ভৌত কাজ বাস্তবায়ন | ১০০% | ১০০% |
| | | [১.৯] কারা অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধিকরণে প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | ৩১-১২-২৩ | ১০.০৫.২৩ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | [১.১০] কারা অধিদপ্তরের কেন্দ্রীয় কারা হাসপাতাল নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ | ৩১-০১-২৪ | - |
| ২ | কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা; | [২.১] কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | ৩৫টি কারাগার | ৩৮টি |
| | | [২.২] কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং প্রদান | ১৫০০টি | ৩০০জন |
| | | [২.৩] কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | ২০ টি কারাগার | ১৫টি |
| | | [২.৪] উৎপাদিত পণ্যের ৫০% লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | ৩৩টি কারাগার | - |
| ৩ | কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান; | [৩.১] দীর্ঘদিন বিনা বিচারে আটক বন্দিদের তালিকা মামলা নিষ্পত্তির জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা | ১২টি | ২টি |
| | | [৩.২] বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারাবন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ | ১টি | - |
| | | [৩.৩] কারাবন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | ৫০০ জন | - |
| | | [৩.৪] মাঠ পর্যায়ে অভিযোগ সরাসরি নিষ্পত্তির লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে গণশুনানির আয়োজন করা | ২৭টি | - |
| | | [৩.৫] কারাবন্দিদের মামলা ভার্চুয়ালি পরিচালনার জন্য কারাগারে ১টি কক্ষ উপযোগীকরণ ও যন্ত্রপাতি স্থাপন | ৫টি কারাগার | - |
| ৪ | কারাগারে নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা; | [৪.১] কারাগারের নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ছাড়পত্রপ্রাপ্ত ৩৬৯টি শূন্যপদ পূরণ | ০১-০৫-২৪ | - |
| | | [৪.২] নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে কারাগারে নিরাপত্তা যন্ত্রপাতি সংযোজন | ৬০টি কারাগার | - |
| ৫ | বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা। | [৫.১] বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার লক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | ৩০টি কারাগার | - |

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (মোট সূচক : ৩০টি)

| ক্রম | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | অর্জন ২০২৩-২৪ |
|---|---|---|---|---|
| ১ | দুর্ঘটনায় ক্ষয়ক্ষতি হ্রাসকরণে প্রতিরোধমূলক ও অগ্নিনিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ কার্যক্রম পরিচালনা | [১.১] সরকারি প্রতিষ্ঠান/বহুতল আবাসিক ভবনে মহড়া আয়োজন | ৩০০টি | ৯১টি |
| | | [১.২] বেসরকারি প্রতিষ্ঠান/ আবাসিক ভবন (বহুতল ভবনসহ), বস্তি/ আশ্রয়ন প্রকল্প/ গুচ্ছগ্রাম/ ঘনবসতিপূর্ণ এলাকায় মহড়া আয়োজন | ৯২০টি | ২৭৮টি |
| | | [১.৩] হাসপাতাল/ স্বাস্থ্য কেন্দ্র/ ক্লিনিকে মহড়া আয়োজন | ৪২০টি | ৪৯টি |
| | | [১.৪] বাণিজ্যিক/শপিংমল/ বিপণিবিতান/হাটবাজারে মহড়া আয়োজন | ২৭০০টি | ৮৫৩টি |
| | | [১.৫] স্থল বন্দর, সমুদ্র বন্দর, নৌ-বন্দর, বিমানবন্দর, লঞ্চঘাট, ফেরীঘাটে মহড়া আয়োজন | ৪২টি | ১২টি |
| | | [১.৬] স্কুল/মাদ্রাসায়/কলেজ/ বিশ্ববিদ্যালয়ে মহড়া আয়োজন | ১৫০০টি | ১৯৭টি |
| | | [১.৭] জনসচেতনতার লক্ষ্যে টপোগ্রাফি ও গণসংযোগ পরিচালনা | ৬৭০০টি | ১৩২১টি |
| | | [১.৮] শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান পরিদর্শন/সার্ভে | ২২০০টি | ১৯৩টি |
| | | [১.৯] শপিংমল/বিপনী বিতান/মার্কেট পরিদর্শন/সার্ভে | ৮০০টি | ১১৪টি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | [১.১০] বিভিন্ন প্রতিষ্ঠানের অগ্নিনিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণের লক্ষ্যে ফায়ার লাইসেন্স প্রদান | ৭৫% | - |
| | | [১.১১] বহুতল ও বাণিজ্যিক ভবনের ফায়ার সেফটি ছাড়পত্র প্রদান | ৭০% | ৭৮% |
| | | [১.১২] মোবাইল কোর্ট পরিচালনা | ১০০টি | ০২টি |
| | | [১.১৩] দুর্ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ হ্রাসকল্পে দ্রুত সাড়া প্রদানে বিভিন্ন প্রতিষ্ঠানে IRS স্থাপন | ১৫টি | ১টি |
| ২ | জনসচেতনতা ও সক্ষমতা বৃদ্ধিকরণ; | [২.১] শিল্প প্রতিষ্ঠান/ কলকারখানায় কর্মরতদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | ৩৭০০০ জন | ১৬৮৪০ জন |
| | | [২.২] সরকারি প্রতিষ্ঠান/ আবাসিক ভবন (বহুতল ভবনসহ) ও বেসরকারি প্রতিষ্ঠান/আবাসিক ভবনে মৌলিক প্রশিক্ষণ প্রদান | ১১৫০ জন | ২৩৯জন |
| | | [২.৩] স্কুল/ মাদ্রাসায়/ কলেজ/ বিশ্ববিদ্যালয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান | ১০০০০ জন | ২৪৪১ জন |
| | | [২.৪] কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান | ৪৭৫ জন | ৭৫জন |
| | | [২.৫] সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | ৬টি | ২টি |
| | | [২.৬] আওতাধীন দপ্তরের এপিএ কার্যক্রম পরিবীক্ষণ | ৩২টি | - |
| | | [২.৭] নতুন কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুত | ৮১০ জন | - |
| | | [২.৮] কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ | ৭৫০ জন | - |
| ৩ | অগ্নি নির্বাপণ, উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা সেবা পরিচালনা; | [৩.১] অগ্নিনির্বাপণ, দুর্ঘটনা কবলিতদের উদ্ধার ও চিকিৎসালয়ে স্থানান্তর | ১০০% | ১০০% |
| | | [৩.২] অ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা | ৮০% | ৯১% |
| | | [৩.৩] ভিভিআইপি/ ভিআইপিগণের অগ্নিনিরাপত্তা প্রদান | ১০০% | ১০০% |
| ৪ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি। | [৪.১] দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/ থানা সদর/ স্থানে ৫১টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ; | ৩১-১২-২৩ | - |
| | | [৪.২] দেশের উত্তরাঞ্চালের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা/ সদর/ স্থানে ৫৬টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ; | ৩১-১২-২৩ | - |
| | | [৪.৩] ১১টি মডার্ন ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন নির্মাণ | ৪টি | - |
| | | [৪.৪] শূন্যপদ (পদোন্নতির মাধ্যমে) পূরণের জন্য গৃহীত কার্যক্রম | ৫০জন | ১৯৬জন |
| | | [৪.৫] শূন্যপদ (নিয়োগের মাধ্যমে) পূরণের জন্য গৃহীত কার্যক্রম | ১৫০ জন | |
| | | [৪.৬] অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিনির্বাপণ ও উদ্ধার সাজ-সরঞ্জামাদি ক্রয় | ৩০-০৬-২৪ | - |

আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ কর্মপরিকল্পনাসহ শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কর্মপরিকল্পনা সম্পর্কে মাঠ পর্যায়ের বিভাগীয়/জেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া এপিএ কর্মপরিকল্পনার কোন সূচকের পরিবর্তন বা লক্ষ্যমাত্রা পরিবর্তনের প্রয়োজন হলে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

**৭. দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন :**

দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি :

**দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি: জুলাই, ২০২৩**

| কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | | | |
|---|---|---|---|---|---|
| | | ডিআইপি | ডিএনসি | এফএসসিডি | ডিওপি |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা: | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.১. নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ১টি | ১টি | ১টি | ১টি |
| ১.২. নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | চলমান | ১০০% | ১০০% | ৮০% |
| ১.৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা (০২টি সভা আবশ্যিক ভাবে বিভাগ/জেলায় করতে হবে) | ৪টি | - | - | - | ১টি |
| ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন (ডিআইপি-১৭৫; ডিএনসি-১২০; এফএসসিডি-১৭০; ডিওপি-৬৮) | - | - | - | - | ১ ব্যাচ |
| ১.৫. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | ২টি | - | - | - | - |
| ১.৬. আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ৩১-১০-২৩<br>৩০-০১-২৪<br>৩০-৪-২৪ | - | - | - | - |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন : | | | | | |
| ২.১. ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ৩১-৭-২৩ | অর্জিত | অর্জিত | অর্জিত | অর্জিত |
| ২.২. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ১০০% | - | - | - | চলমান |
| ২.৩. বাজেট বাস্তবায়ন (৮৫% এর কম হলে কোন নম্বর পাওয়া যাবে না। | ১০০% | - | ১০.৩৫% | - | চলমান |
| ২.৪. প্রকল্পের PIC সভা আয়োজন (ডিআইপি-৬; ডিএনসি-৪; এফএসসিডি-২; ডিওপি-২৪) | - | - | ১টি | ১টি | ১টি |
| ২.৫.১ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২৯-২-২৪ | - | - | - | - |
| ২.৫.২ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩১-৭-২৩ | | | | |
| ৩.১.সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩.শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | | | | | |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | | | | | |
| ৩.২.দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ | ৩০% | | | | |
| ৩.৩.গণশুনানি আয়োজন | ৪টি | | | | |
| ৩.৪. অধীন ৫টি (বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বরিশাল; আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী, নরসিংদী, জয়পুরহাট ও শেরপুর) পাসপোর্ট অফিসের সেবার মানোন্নয়নে কার্যক্রম গ্রহণ | ৩১-০৫-২৪ | | | | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | | | | | |
| ৩.২. মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে অডিট কার্যক্রম সম্পন্নকরণ | ৮টি | | | | |
| ৩.৩. মদ ও মদজাতীয় পানীয় আমদানির শুল্ক খালাসের ছাড়পত্র অনলাইনকরণ | ৩১-৫-২৪ | | | | |
| ৩.৪. বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, প্যাথেড্রিন ও মরফিন লাইসেন্সিগণকে লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার ২/১ মাস পূর্বে লাইসেন্স নবায়নের অনুরোধপত্র প্রেরণ | ০৭-৬-২৪ | | | | |
| ৩.৫.প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | ০২টি | | | | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | | | | | |
| ৩.২.অধ্যক্ষ/বিভাগীয় দপ্তরসমূহে অভ্যন্তরীণ অডিট পরিচালনা; | ৩১-১২-২৩<br>৩০-৬-২৪ | | | | |
| ৩.৩.ফায়ার রিপোর্ট প্রাপ্তির আবেদন পত্র অনলাইনের মাধ্যমে দাখিলের নিমিত্ত কার্যক্রম গ্রহণ; | ৩০-৬-২৪ | | | | |
| ৩.৪.কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ | ২৫% | | | | |
| কারা অধিদপ্তর | | | | | |
| ৩.২. দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজন | ২০-৯-২৩ ১৮-১২-২৩<br>২০-৩-২৪ ২০-৬-২৪ | | | | |
| ৩.৩. চলমান প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়নে পরিদর্শন ও মূল্যায়ন | ১২টি | | | | |
| ৩.৪.কারাগারে অভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা | ১৫টি | | | | |

দপ্তর/সংস্থা অংশীজনের সভা আয়োজনের ক্ষেত্রে কমপক্ষে ২টি সভা বিভাগীয়/জেলা পর্যায়ে আয়োজনসহ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের সকল সম্পদ এবং যানবাহন বিধি মোতাবেক হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :**

১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী :** এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।

৮ **অডিট**

উপসচিব, বাজেট-১ শাখা এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন :

| বিভাগ/সংস্থার নাম | মোট অডিট আপত্তির সংখ্যা | জড়িত অর্থের পরিমাণ | মোট নিস্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অবশিষ্ট আপত্তির সংখ্যা | অবশিষ্ট অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ডিআইপি | ৯টি (NSFI-২৯ ও SFI- ৬২ ) | ২৮১৩,২৩,৩৩ , ৬৬২.৭ (NSFI-২৫২,৫ ০,৪৭,৩৪০.৯২ ও SFI- ২৫ ৬০,৭২,৮৬ ,৩২১.৮) | ৩২ | ৫৯ (NSFI-১১ ও SFI-৪৮) | ২৭৪৩,১০,৮২, ৩১৫.৮ (NSFI-২৩৬, ২৪,৩৮,৭০২ ও SFI- ২৫০৬,৮৬,৪৩, ৬১৩.৮) |
| প্রিজন | ৪৮৭ | ২৯৫,২২,৯৫, ৩৪২/- | ২৯৬ | ১৯১ | ১৮৬,৬২,৮১, ৬৬৮/- |
| এফএসসিডি | ৪২টি (১৭-১৮=১২ ১৮-১৯=১৩ ২০-২১=১৭) | ১৭৯,৩৬,১৬, ৫৭২/- (২,৫৩,৮২,৬৮৯ ১৫৫,২৬,৬৭, ৭৫৩ ২১,৫৫,৬৬,১৩০ | ১১ (NSFI- ১৮-১৯=৩ ২০-২১=৫ SFI ২০-২১=৩) | ৩১ | ৪১,০১,৫৭,৯৪৭ (২,৫৩,৮২,৬৮৯ ৩৩,৪৩,৯০,৩৫৮ ৫,০৩,৮৪,৯০০) |
| ডিএনসি | ৯ | ১৭,৬২,৯৩,৬৬৭ | ৯ | ৯ | ১৭,৬২,৯৩,৬৬৭ |

**ডিআইপি :** সুরক্ষা সেবা বিভাগে ৩টি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ৪২টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২৮টি পেন্ডিং রয়েছে।

**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১৪৪টি আপত্তির মধ্যে ১০৬টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল যা সংশোধনপূর্বক পুনঃ প্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গিয়েছে। সেগুলোসহ অবশিষ্ট ৯টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে।

সুরক্ষা সেবা বিভাগে পেন্ডিং ৭টি অডিট আপত্তি বাজেট-২ শাখায় ত্রিপক্ষীয় সভার জন্য পেন্ডিং আছে। ত্রিপক্ষীয় সভার জন্য অডিট অফিসের সাথে যোগাযোগ করা হলে সেপ্টেম্বর ২০২৩ এ ত্রিপক্ষীয় সভা আহ্বানের জন্য অনুরোধ করা হয়।

**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থ বছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) এর মধ্যে ৫টি এবং (SFI) ৯টির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

**ডিএনসি :** ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

১) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

২)দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

| ৯ | পেনশন | সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। | ১) এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। **বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
|---|---|---|---|

| বিভাগ/অধিদপ্তর | পূর্ববর্তী মাসের অনিষ্পন্ন পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে প্রাপ্ত কেসের সংখ্যা | মোট কেসের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পন্ন কেসের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ডিআইপি | ০ | ০ | ০ | ০ | - |
| ডিএনসি | ০ | ১ | ০ | ১ | - |
| এফএসসিডি | ২ | ০ | ২ | ০ | প্রতিবেদনাধীন মাসে ৬টি পেনশন কেস পাওয়া যায়, যা যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। আদালতে মামলা থাকার কারণে ২টি পেনশন কেস অনিষ্পন্ন আছে। |
| প্রিজন | ০ | ১ | ১ | ০ | সিনিয়র সহকারী জজ আদালত, সিলেট এ স্বত্ব মোকদ্দমা নং ১৮৩৭/২০২২ এর ১৮ মে ২০২৩ তারিখ জবাব দাখিলের দিন ধার্য রয়েছে। |
| মোট | ২ | ১ | ৩ | ০ | -- |

১০

উপসচিব (প্রশাসন-৩) সভায় আগস্ট-২০২৩ এর পরিদর্শন সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

| বিভাগ/অধিদপ্তর | কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনের তারিখ ও সুপারিশ |
|---|---|---|
| এসএসডি | জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব | **২৭-২৮.০৮.২৩**<br>যশোর জেলার আওতাধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জেলা কার্যালয় পরিদর্শন করেন। |
| ডিআইপি | মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি<br><br>মহাপরিচালক, (বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর) | **০১.০৮ ও ০৭.০৮.২৩**<br>১. আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পূর্ব (আফতাবনগর)।<br><br>২. আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পশ্চিম (মোহাম্মদপুর)। |
| | জনাব সেলিনা বানু, অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন) | **০১.০৮.২৩**<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পূর্ব (আফতাবনগর) |
| এফএসসিডি | -- | -- |

| | | |
|---|---|---|
| ডিএনসি | জনাব মোঃ জাফরুল্ল্যাহ কাজল অতিরিক্ত পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম | **১৭.০৮.২০২৩**<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কুমিল্লা |
| | জনাব মোঃ আলী আসলাম হোসেন অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর | **৩০.০৮.২০২৩**<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, গাইবান্ধা। |
| প্রিজন | ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, কারা মহাপরিদর্শক | **০৫.০৭.২৩- ০৭.০৭.২৩**<br>১. নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প।<br>২. হবিগঞ্জ জেলা কারাগার |

**পরিদর্শন: (আগস্ট, ২০২৩)**

১) প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;

২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে। পরিদর্শন কালে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর অত্যন্ত নিখুঁতভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন শেষে ৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর উপস্থাপন করতে হবে;

৩) পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নে ব্যবস্থা নিতে হবে।

**বাস্তবায়নকারী :** অনুবিভাগ প্রধান(সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।

| | | | |
|---|---|---|---|
| ১১ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি** | সভাকে জানানো হয়, অনিষ্পন্ন বিষয়াদি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নকারী :** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান। |

<table>
<tr>
<td>১২</td>
<td>প্রশিক্ষণ কার্যক্রম</td>
<td>সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ ২য়-২০ গ্রেড পর্যন্ত কর্মচারীগণকে ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রেখেছে।
<table>
<tr><th>ক্রম</th><th>মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের নাম</th><th>গ্রেড</th><th>অনুমোদিত পদ</th><th>পূরণকৃত পদ</th><th>গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th><th>বর্তমান মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা)</th><th>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘণ্টা)</th></tr>
<tr><td rowspan="4">১</td><td rowspan="4">সুরক্ষা সেবা বিভাগ</td><td>৯ম ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৭৬</td><td>৫০</td><td>৩</td><td>৩</td><td>০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৫৯</td><td>৫৩</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>১০১</td><td>৭৭</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>৪১</td><td>২২</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td rowspan="4">২</td><td rowspan="4">বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্ধ্ব গ্রেড</td><td>১৯০</td><td>১১৮</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>১৯৩</td><td>৫৩</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৮০৭</td><td>৭৪১</td><td>০</td><td>৪</td><td>৪</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৩৪০</td><td>২৮২</td><td>০</td><td>২</td><td>২</td></tr>
<tr><td rowspan="4">৩</td><td rowspan="4">মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৩০৮</td><td>১১০</td><td>২</td><td>৫</td><td>৭</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>২৯৭</td><td>১৫৫</td><td>৪</td><td>৫</td><td>৯</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>১১৩৮</td><td>৩৯৫</td><td>১</td><td>৬</td><td>৭</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>১৩১৬</td><td>১২২২</td><td>৪</td><td>৫</td><td>৯</td></tr>
<tr><td rowspan="4">৪</td><td rowspan="4">ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৪৮</td><td>৩৯</td><td>৭</td><td>৬</td><td>১৩</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৯২</td><td>৪৩</td><td>৭</td><td>৬</td><td>১৩</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৫২১২</td><td>৪৬৩৫</td><td>৮</td><td>৭</td><td>১৫</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৯১১৬</td><td>৮৫৯৫</td><td>৮</td><td>৮</td><td>১৬</td></tr>
<tr><td rowspan="5">৫</td><td rowspan="5">কারা অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৩০৬</td><td>১২৮</td><td>৫</td><td>৫</td><td>১০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>২৯২</td><td>১৭৫</td><td>৫</td><td>৫</td><td>১০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>৬৪৬</td><td>৩৮৬</td><td>৫</td><td>৫</td><td>১০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>১০৬৫৬</td><td>৯৬৪১</td><td>৫</td><td>৫</td><td>১০</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>২৭৮</td><td>১২৯</td><td>৫</td><td>৩</td><td>৫</td></tr>
</table>
</td>
<td>১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>ওয়েবসাইট হালনাগাদ করণ</td>
<td>উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন দপ্তর কর্তৃক জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়।</td>
<td>১) সকল ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে।<br>২) এ বিভাগের একজন সিনিয়র কর্মকর্তা নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করা হচ্ছে কিনা তা তদারকি করবেন।<br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৪</td>
<td>ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা</td>
<td>উপসচিব (প্রশাসন-৩) বিবেচ্য মাসে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-নথি সিস্টেম ব্যবহারের নিম্নরূপ চিত্র উপস্থাপন করেন :
<table>
<tr><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথি</th><th>ই-নথিতে নিষ্পত্তিকৃত নথি</th><th>মোট নিষ্পত্তিকৃত নথি</th><th>হার্ড ফাইলে (%)</th><th>ই-নথিতে (%)</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>১৭৫</td><td>১৯৮২</td><td>২১৫৭</td><td>৮.১১ %</td><td>৯১.৮৯%</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪০</td><td>২৫৫</td><td>২৯৫</td><td>১৩.৫৬%</td><td>৮৬.৪৪%</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>২২</td><td>১২৫</td><td>১৪৭</td><td>১৪.৯৭ %</td><td>৮৫.০৩%</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৪৮</td><td>৫৩৪</td><td>৫৮২</td><td>৮.২৫ %</td><td>৯১.৭৫%</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১৬</td><td>৩৪৮</td><td>৩৬৪</td><td>৪.৪%</td><td>৯৪.৬%</td></tr>
</table>
</td>
<td>১)ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br>২)ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>ইনোভেশন/উত্তম চর্চা</td>
<td>উপসচিব (প্রশাসন-৩), সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের চলমান ইনোভেশন/উত্তম চর্চাসমূহের নিম্নরূপ চিত্র উপস্থাপন করেন:
<table>
<tr><th>বিভাগ/ অধিদপ্তর</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>ভিসা ম্যানেজমেন্ট সিস্টেম (সুরক্ষা সেবা বিভাগ থেকে সেবা গ্রহণকারী বিদেশি নাগরিকদের তথ্যভিত্তিক ডেটা ম্যানেজমেন্ট সিস্টেম প্রণয়ন।) কারা অধিদপ্তরের Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবস উপলক্ষে বন্দিমুক্তি, অচল, অক্ষম, গুরুতর দূরারোগ্য রোগে আক্রান্ত, লঘু অপরাধে দন্ডিত এবং বিচারাধীন বন্দিদের মুক্তির বিষয়ে সুপারিশ প্রণয়ন।</td></tr>
<tr><td>প্রিজন</td><td>Digital Store Room</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>FIRE RESCUE APPS</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>পণ্য/শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>Visa Application Tracking Management Software</td></tr>
</table>
</td>
<td>বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>ভিডিও কনফারেন্সিং</td>
<td>বিবেচ্য মাসে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে ১৬টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয় :
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ভিডিও কনফারেন্সের সংখ্যা</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>০</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>২</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৪</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৩</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>৭</td></tr>
<tr><td>মোট</td><td>১৬টি</td></tr>
</table>
</td>
<td>১) ভিডিও কনফারেন্সিং আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>২)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক সম্ভাব্য ক্ষেত্রে হাইব্রীড মোডে সভা আহ্বান করতে হবে।<br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **বিভাগীয় ও দেওয়ানী মামলা** | ১) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে আগস্ট ২০২৩ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৪৮৮টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৩৬টি, মোট মামলার সংখ্যা ৫২৪টি। এর মধ্যে ৪৭টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৪৮১টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় আপিল মামলার সংখ্যা ৭টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ১টি, মোট আপিল মামলার সংখ্যা ৮টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ১টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৬টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২৪টি ও এএটি-৪৮টি।<br><br>৩) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৫৮টি, রিট-৩০৩টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ানি-০টি, ফৌজদারি-০টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই। | ১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>২)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ১৮ | **বিবিধ** | সভাকে জানানো হয়, ২০০৯ হতে জুলাই/২০২৩ পর্যন্ত সময়ের মধ্যে সরকারের অর্জিত সাফল্য/গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কর্মকান্ডের উপর পুস্তক প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে। | ২০০৯ হতে জুলাই, ২০২৩ পর্যন্ত সময়ের মধ্যে সরকারের অর্জিত সাফল্য/গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কর্মকান্ডের উপর পুস্তক সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.২৬৪ তারিখ: ১২ ভাদ্র ১৪৩০

২৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব